**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 18.04.25** **Desk in Charge : SDG**
**Time : 7-35 AM** **Compiling : S Basu**
**DEO : KB** **NR : S Basu**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ মুর্শিদাবাদের উপদ্রুত এলাকায় আপাতত কেন্দ্রীয় বাহিনী মোতায়েন থাকবে বলে, কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চ নির্দেশ দিয়েছে।
# ঘরছাড়াদের পুনর্বাসনের জন্য তিন সদস্যের দল গঠন করেছে আদালত।

২/ সামসেরগঞ্জ এবং জঙ্গিপুরের পরিস্থিতি এখন সম্পূর্ণ নিয়ন্ত্রণে বলে পুলিশ জানিয়েছে। ৬০টি মামলায় এপর্যন্ত গ্রেপ্তার হয়েছে ২৭৪ জন।
# রাজ্যপাল CV আনন্দ বোস আজ মুর্শিদাবাদ যাচ্ছেন।

৩/ সুপ্রিম কোর্টের রায়ে চাকরীহারা শিক্ষক অশিক্ষক কর্মীদের সমস্যার সমাধান, চলতি বছরের মধ্যেই আইন মেনে করা হবে বলে জানিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি।

৪/ রাজ্যকে করিডর হিসেবে ব্যবহার করে, প্রতিবেশী দেশে গবাদি পশু পাচার রুখতে পশ্চিমবঙ্গ সরকার কি পদক্ষেপ নিচ্ছে, তা' জানতে চেয়েছে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক।

৫/ রাজ্যের বেশীরভাগ জেলাতেই বজ্রবিদ্যুৎ সহ বিক্ষিপ্ত বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর।

*****************************************************************

মুর্শিদাবাদের উপদ্রুত এলাকায় আপাতত **কেন্দ্রীয় বাহিনী মোতায়েন থাকবে** বলে জানিয়েছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি সৌমেন সেন ও বিচারপতি রাজা বসু চৌধুরীর ডিভিশন বেঞ্চ গতকাল এই মর্মে নির্দেশ দিয়েছেন। তবে শুভেন্দু অধিকারী সহ অন্যান্যরা NIA তদন্তের যে আর্জি জানিয়েছিলেন, সেই আবেদন খারিজ করে দিয়েছে আদালত। কেন্দ্রীয় সরকার যদি চায়, স্বতঃস্ফূর্তভাবে পরিস্থিতি খতিয়ে দেখে NIA তদন্তের নির্দেশ দিতে পারে বলে'ও নির্দেশে বলা হয়েছে।

পাশাপাশি আদালত, ঘরছাড়াদের ঘরে ফেরানো ও তাদের পুনর্বাসনের বিষয় বিবেচনা করতে **তিন সদস্যের একটি দল** গঠন করেছে। জাতীয় মানবাধিকার কমিশন ও রাজ্য মানবাধিকার কমিশনের একজন করে সদস্য এবং রাজ্য লিগাল এইড সার্ভিসের একজন সদস্য এই দলে থাকবেন। তারা আক্রান্তদের অভিযোগগুলি শুনবেন। দায়ের হওয়া FIR-গুলি খতিয়ে দেখার পাশাপাশি এলাকা ঘুরে আগামী **১৫**ই মে তারা আদালতের কাছে রিপোর্ট জমা দেবেন। রাজ্যকে এই দলের সদস্যদের পরিপূর্ণ সহযোগিতা করতে নির্দেশ দিয়েছে আদালত। আইনজীবী প্রিয়াঙ্কা টিব্রেওয়াল মালদায় গিয়ে আক্রান্তদের সঙ্গে সাক্ষাৎ করে কথা বলতে পারবেন বলে জানিয়েছে আদালত। অন্যদিকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারি, ধুলিয়ান যাওয়ার যে অনুমতি চেয়েছিলেন সে বিষয়ে আগামী সোমবার শুনানি হবে।

*************************

**ও**য়াকফ আন্দোলনের জেরে অশান্ত মুর্শিদাবাদের সামসেরগঞ্জ ও জঙ্গিপুরের পরিস্থিতি এখন সম্পূর্ণ নিয়ন্ত্রণে বলে পুলিশ জানিয়েছে। রাজ্য পুলিশের ADG দক্ষিণবঙ্গ সুপ্রতিম সরকার গতকাল ভবানীভবনে এক সাংবাদিক বৈঠকে বলেন, জঙ্গিপুরে গত ৯৬ ঘন্টায় নতুন করে কোন অশান্তির ঘটনা ঘটেনি। সামসেরগঞ্জে'ও জনজীবন ধীরে ধীরে স্বাভাবিক হচ্ছে, ৭০ শতাংশ দোকানপাট'ও খুলেছে। মুর্শিদাবাদ রেঞ্জের DIG সৈয়দ ওয়াকার রাজার নেতৃত্বে **১১** সদস্যের বিশেষ তদন্তকারী দল কাজ চালাচ্ছে বলেও ADG জানিয়েছেন।

( বাইট- ADG / মুর্শিদাবাদ )

সুপ্রতিমবাবু আরো বলেন, ৬০ টি মামলায় এ'পর্যন্ত গ্রেপ্তার করা হয়েছে ২৭৪ জনকে। এদিকে, ধীরে ধীরে বাড়ি ফিরতে শুরু করেছেন ঘরছাড়ারা।

একটি প্রতিবেদন- ( ভিসি- মামুন )

অন্যদিকে, মুর্শিদাবাদের জঙ্গীপুর পুলিশ জেলার সুতি, ও সামশেরগঞ্জ থানার দুই আইসি-কেই সরিয়ে দিয়েছে রাজ্য সরকার। সামশেরগঞ্জ থানার নতুন আই সি হলেন সুব্রত ঘোষ। এ ছাড়া সুতি থানার নতুন আইসি পদে এলেন সুপ্রিয় রঞ্জন মাজি। রাজ্য পুলিশের পক্ষ থেকে গতকাল এই মর্মে এক বিজ্ঞপ্তি জারি করা হয়।

বিজেপি, মুর্শিদাবাদের ঘটনায় কড়া পদক্ষেপ গ্রহণের আর্জি জানিয়েছে। রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারের নেতৃত্বে বিজেপির এক প্রতিনিধি দল গতকাল রাজ্যপাল CV আনন্দ বোসের সঙ্গে সাক্ষাত করেন। সঙ্গে ছিলেন ওয়াকফ বিরোধী আন্দোলনে ওই জেলায় আক্রান্ত ও ঘরছাড়ারা। রাজ্যপালের কাছে একটি স্মারকলিপি জমা দিয়ে, উপদ্রুত এলাকায় BSF ক্যাম্প পুনরায় চালু করার দাবি জানান তিনি।

( বাইট- সুকান্ত )

রাজ্যপাল CV আনন্দ বোস, ঘরছাড়াদের পাশে আছেন বলে আশ্বাস দিয়ে বলেন, এবিষয়ে তিনি বিস্তারিত খোঁজ নেবেন।

রাজ্যপাল আজ মুর্শিদাবাদ যাচ্ছেন। সাংবাদিকদের CV আনন্দ বোস বলেন, তিনি সেখানে আক্রান্তদের পাশে দাঁড়াতে যাচ্ছেন, কোনোরকম উত্তেজনা ছড়াতে নয়।

( বাইট- রাজ্যপাল )

এর আগে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি নতুন করে উত্তেজনা ছড়াতে পারে এই আশঙ্কায় রাজ্যপালকে এখনই মুর্শিদাবাদের হিংসা কবলিত এলাকায় না যাওয়ার আবেদন জানান। নবান্নে সাংবাদিকদের কাছে মুখ্যমন্ত্রী রাজ্যপালকে কয়েকদিন অপেক্ষা করা আর্জি জানিয়ে বলেন, এই পরিস্থিতিতে তিনি নিজেও সেখানে যাচ্ছেন না।

জাতীয় মানবাধিকার কমিশন এবং জাতীয় মহিলা কমিশনের দলও, পৃথকভাবে মালদা ও মুর্শিদাবাদ পরিদর্শন করবে।

**************************

রাজ্যে আইন শৃঙ্খলা পরিস্থিতি ক্রমাগত ভেঙে পড়া এবং হিন্দুদের উপর অত্যাচারের প্রতিবাদে বিজেপির যুব মোর্চার মিছিলে অনুমতি দিয়েছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি তীর্থঙ্কর ঘোষ গতকাল এই নির্দেশ দেন।
নেতাজি ভবন থেকে আশুতোষ মেমোরিয়াল হল পর্যন্ত মিছিল করা যাবে। আগামীকাল বিকেল পাঁচটা থেকে আটটা পর্যন্ত করা যাবে মিছিল ও পথ সভা। মিছিলে সর্বাধিক এক হাজার ৩০০ জন উপস্থিত থাকতে পারবেন।

*************************

সুপ্রীম কোর্টের রায়ে চাকরিহারা শিক্ষক, শিক্ষিকা ও শিক্ষাকর্মীদের সমস্যার সমাধান চলতি বছরের মধ্যেই আইন মেনে করা হবে বলে রাজ্য সরকার জানিয়েছে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতকাল নবান্নে রাজ্য সরকারের আবেদন মেনে সুপ্রীম কোর্ট, চাকরিহারা শিক্ষক শিক্ষিকাদের আগামী ডিসেম্বর মাস পর্যন্ত কাজ চালিয়ে যাওয়ার সম্মতি দেওয়ায় সন্তোষ প্রকাশ করে বলেন আপাতত তাদের বেতন পাওয়া নিয়ে দুশ্চিন্তা কেটেছে। এই ইস্যুতে তিনি আইনজীবিদের সঙ্গে কথা বলবেন। আইনের মাধ্যমেই সমাধানের পথ খুঁজে বার করা হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

( বাইট- মমতা )

সুপ্রিম কোর্টের রায় ইতিবাচক বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু।

*************************

আকাশবাণী কলকাতার এফ এম হেডলাইন আবার শুরু হতে চলেছে। নিয়মিত সংবাদ বুলেটিনের পাশাপাশি আগামী রবিবার বিশে এপ্রিল থেকে চালু হবে ঘণ্টায় ঘণ্টায় এই হেডলাইন। শোনা যাবে সকাল ৭ টা থেকে রাত ৯ টা পর্যন্ত আকাশবাণী কলকাতার এফ এম রেইনবো প্রচার তরঙ্গে।

*************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আগামী ২৭শে এপ্রিল রবিবার, আকাশবাণীতে মন-কি-বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা সকলের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাত-

এর ১২১ তম পর্ব। আকাশবাণী ও দূরদর্শনের সবকটি প্রচারতরঙ্গে
এবং www.newsonair.com ওয়েবসাইটও মোবাইল অ্যাপেও বেলা ১১ টা থেকে মন-কি-বাত শোনা যাবে। AIR, DD নিউজ, প্রধানমন্ত্রী কার্যালয় এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব চ্যানেলে তা শোনা যাবে। হিন্দী ভাষায় সম্প্রচারের ঠিক পরেই আঞ্চলিক ভাষায় মন-কি-বাত সম্প্রচারিত হবে। ঐদিন রাত ৮ টায় আঞ্চলিক ভাষায় তর্জমা পুনঃসম্প্রচারিত হবে।

***************************

রাজ্যকে করিডোর হিসাবে ব্যবহার করে প্রতিবেশী দেশে গবাদি পশু পাচার করা হচ্ছে বলে জানিয়ে কেন্দ্রীয় সরকার রাজ্যকে সতর্ক করে দিয়েছে। বিহার ও হরিয়ানা থেকে ট্রাকে করে মহিষ উত্তরবঙ্গের কোচবিহার, আলিপুরদুয়ার ও জলপাইগুড়ি জেলার মধ্যে দিয়ে প্রতিবেশী অন্যান্য রাজ্য ও বিদেশে পাচার করা হচ্ছে। প্রতিদিন প্রায় ৪৫ গাড়ি করে মহিষ পাচার করে দেওয়া হচ্ছে বলে জানান হয়েছে। এব্যাপারে স্বরাষ্ট্র মন্ত্রকের তরফে পুলিশ প্রশাসনের কাছ থেকে বিস্তারিত তথ্য চাওয়া হয়েছে।
এই ঘটনার প্রেক্ষিতে গরু ও মহিষ পাচার রুখতে রাজ্য সরকারের তরফে কী কী পদক্ষেপ নেওয়া হয়েছে, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের তরফে তার সামগ্রিক তথ্য চাওয়া হয়েছে। এছাড়া উত্তরবঙ্গের সীমান্তবর্তী জেলার পুলিশ প্রশাসনের তরফে কীভাবে নজরদারি চালানো হয়েছে এবং পাচার চক্রকে ধরতে কী ব্যবস্থা নেওয়া হয়েছে, তাও জানাতে বলা হয়েছে।

***************************

দ্বিতীয় হুগলী সেতুর ওপর গতরাতে একটি চলন্ত বাসে আগুন ধরে গেলে যাত্রীরা অল্পের জন্য প্রাণে রক্ষা পেয়েছে।

জানা গেছে, রাত সাড়ে ১০ টা নাগাদ টোল প্লাজার একটু আগে অবনী মলের কাছে পুরুলিয়াগামী বেসরকারি বাসটিতে আগুন লেগে যায়। দমকলের ৩'টি ইঞ্জিন এক ঘন্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। যাত্রীদের দ্রুত সরিয়ে নিয়ে যাওয়া হয়। এর জেরে বিদ্যাসাগর সেতুতে যান চলাচল বেশ কিছুক্ষণ বন্ধ ছিল।

***************************

শহরতলীর নিত্যযাত্রীদের জন্য মাতৃভূমি লোকালের কয়েকটি কামরা সাধারণ যাত্রীদের জন্য নির্দিষ্ট করা যায় কি না পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনের তরফে তা বিবেচনা করা হচ্ছে। গতকাল কলকাতায় এক সংবাদিক সম্মেলনে শিয়ালদার DRM দীপক নিগম একথা জানিয়েছেন। তবে কোনোভাবেই শহরতলীতে চলা ১২ কোচের লোকাল ট্রেনে, মহিলা যাত্রীদের জন্য সংরক্ষিত কামরার সংখ্যা তিন থেকে কমিয়ে দুই করা হবে না বলে তিনি স্পষ্ট জানিয়েছেন। মহিলা কামরার সংখ্যা বাড়ানোর প্রতিবাদে গত কালও শিয়ালদা-ডায়মন্ডহারবার সেকশনে যাত্রী বিক্ষোভ ও অবরোধের ঘটনা ঘটে। এরপর গতকাল বিকেলে সাংবাদিক সম্মেলনে DRM বলেন, ওইসব সেকশনে কোন সময়ে ট্রেন সংখ্যা বৃদ্ধি করলে যাত্রীদের সুবিধা হয়, সেটাও খতিয়ে দেখা হচ্ছে।

*************************

আজ গুড ফ্রাইডে। বিশ্বজুড়ে খ্রিস্ট ধর্মাবলম্বী মানুষ প্রার্থনার মধ্য দিয়ে প্রভু যীশুকে স্মরণ করছেন। ইস্টার এর আগের শুক্রবার পালিত হয় গুড ফ্রাইডে। এই দিনে খ্রিস্ট ধর্মাবলম্বী মানুষের মধ্যে অনেকে উপবাস করে প্রভু যীশুকে স্মরণ করেন গোটা বিশ্বের সঙ্গে এ রাজ্যেও গুড ফ্রাইডে যথোচিত মর্যাদায় পালিত হবে।

রাজ্যের বেশীরভাগ জেলাতেই বজ্রবিদ্যুৎ সহ বিক্ষিপ্ত বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। দক্ষিণবঙ্গের হুগলী, পূর্ব বর্ধমান ও পশ্চিম মেদিনীপুরে ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে। ঘন্টায় ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে ঝাড়গ্রাম, দক্ষিণ ২৪ পরগণা, পূর্ব বর্ধমান, হুগলী, হাওড়া ও দুই মেদিনীপুরে। হিমালয় সন্নিহিত জেলাগুলির পাশাপাশি মালদা ও দুই দিনাজপুরেও বজ্রবিদ্যুৎ সহ ঝড় বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

এদিকে গতকাল'ও রাজ্যের বিভিন্ন প্রান্তে ঝড় বৃষ্টির কারণে বেশ কিছুটা নেমেছে তাপমাত্রা। আজ সকালে কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২০ দশমিক ৯'ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের চেয়ে ৫'দশমিক দুই ডিগ্রি কম। সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রির আশেপাশে থাকার সম্ভাবনা।

*****************************************************************